গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
www.ashrayanpmo.gov.bd

নং-০৩.৭০৩.০১৪.০০.০০.১৪৪৩.২০১৬- ১৫৭২ তারিখঃ১৮/০৪/২০১৭ খ্রিঃ

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে আশ্রয়ণ প্রকল্পের মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দাদেশ।

নিম্নোক্ত আশ্রয়ণ-২ প্রকল্পের বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনুকূলে ০৭ নং কলামে বরাদ্দাদেশ প্রদান করা হলো।

ক্রঃ নং	জেলা	উপজেলা	আশ্রয়ণ প্রকল্পের নাম/কাজের বিবরণ	অনুমোদিত গমের পরিমাণ (মে. টন)	পূর্বে ছাড়কৃত গমের পরিমাণ (মে. টন)	বর্তমানে ছাড়কৃত গমের পরিমাণ (মেঃ টন)	
						অংকে	কথায়
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	মানিকগঞ্জ	মানিকগঞ্জ সদর	নওগাঁও	১২১.৬৪০	০.০০০	১২১.৬৪০	এক শত একুশ দশমিক ছয় চার শূন্য
২	মাদারীপুর	রাজৈর	ভেন্নাবাড়ী	২৮৩.০৬১	০.০০০	২৮৩.০৬১	দুই শত তিরাশি দশমিক শূন্য ছয় এক
৩	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর	করপাড়া	১০৩.৯৪৪	০.০০০	১০৩.৯৪৪	এক শত তিন দশমিক নয় চার চার
৪	ফরিদপুর	সালথা	আটঘর	৪২.৬০১	০.০০০	৪২.৬০১	বিয়াল্লিশ দশমিক ছয় শূন্য এক
৫	জামালপুর	মাদারগঞ্জ	সুখনগরী-৩	১৪১.৮৬৭	০.০০০	১৪১.৮৬৭	এক শত একচল্লিশ দশমিক আট ছয় সাত
৬	জামালপুর	ইসলামপুর	সাপধরী জোকনাই	২৮৮.২২৬	০.০০০	২৮৮.২২৬	দুই শত আটাশি দশমিক দুই দুই ছয়
৭	জামালপুর	ইসলামপুর	চর মুন্নিয়া	২৮৫.৩৯৪	০.০০০	২৮৫.৩৯৪	দুই শত পঁচাশি দশমিক তিন নয় চার
৮	বাগেরহাট	মোংলা	কানাইনগর	১১৫.২১১	০.০০০	১১৫.২১১	এক শত পনের দশমিক দুই এক এক
৯	সাতক্ষীরা	আশাশুনি	নাকনা বর্ধিতকরণ	১২৮.৫১৭	০.০০০	১২৮.৫১৭	এক শত আটাশ দশমিক পাঁচ এক সাত
১০	সাতক্ষীরা	শ্যামনগর	চন্ডিপুর	২৪৭.২০৫	০.০০০	২৪৭.২০৫	দুই শত সাতচল্লিশ দশমিক দুই শূন্য পাঁচ
১১	বরিশাল	হিজলা	কুঞ্জপট্টি শহীদ সুকান্ত বাবু	১৬৪.১২১	০.০০০	১৬৪.১২১	এক শত চৌষট্টি দশমিক এক দুই এক
মোট				১,৯২১.৭৮৭	০.০০০	১,৯২১.৭৮৭	এক হাজার নয় শত একুশ দশমিক সাত আট সাত

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত গমের বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারী করবেন। ইতোপূর্বে ছাড়কৃত সমস্ত খাদ্যশস্য দ্বারা মাটির কাজ সম্পন্ন হওয়ার বিষয়ে নিশ্চিত হয়ে জেলা প্রশাসক উপ-বরাদ্দাদেশ জারী করবেন। কাজ সমাপ্তির তারিখ ১৫ জুন, ২০১৭ খ্রিঃ।

০৩। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা নির্ধারিত তারিখের পূর্ব্বে মাটির কাজ সমাপ্ত করে ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে পৌঁছাতে হবে।

০৪। প্রকল্পটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর' ২০১৪) অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে। তবে যে সকল প্রকল্পে সুবিধাভোগী পরিবার বসবাস করছে সেখানে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সমাজকর্মী হিসেবে সংশ্লিষ্ট আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের দ্বারা পরিচালিত সমিতি কর্তৃক নির্বাচিত দুইজন সদস্য অর্ন্তভুক্ত করতে হবে।

০৫। উপর্যুক্ত প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৬। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৭। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারী করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিত করতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭ দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন। যথা সময়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণে ব্যর্থতা কর্তব্যে অবহেলা হিসেবে গণ্য করা হবে।

০৮। বরাদ্দ পত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে 'emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

০৯। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফ্‌ট বিবেচনা করা হবে না।

১০। যে সকল প্রকল্পে মাটির কাজ অসমাপ্ত থাকবে কর্মোত্তর জরিপে সে সকল প্রকল্পের লেভেলিং, ড্রেসিং ও টার্ফিং আইটেম বিবেচনা করা যাবে না। শুধুমাত্র মাটির কাজ গ্রহণযোগ্য হবে না।

১১। সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজটি সম্পাদন করতে হবে। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প এর পূর্বানুমোদন ব্যতিরেকে প্রস্তাবিত প্রকল্পস্থান/ডিজাইন পরিবর্তন করা যাবে না।

১২। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালু ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৩। প্রকল্পের প্রাক- পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ফটো/ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৪। সরকারী প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হ'ল।

(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন: ৯১২৪১০০
e-mail: ashrayanpmo@gmail.com

জেলা প্রশাসক
মানিকগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/জামালপুর/বাগেরহাট/সাতক্ষীরা/বরিশাল।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

১. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/ময়মনসিংহ/খুলনা/বরিশাল বিভাগ।
৪. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
(তাঁকে প্রয়োজনীয় পরিবহণ ও আনুষঙ্গিক অর্থের বরাদ্দ পত্র জারি করার জন্য অনুরোধ করা হ'ল)।
৫. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৬. জেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ/মাদারীপুর/গোপালগঞ্জ/ফরিদপুর/জামালপুর/বাগেরহাট/সাতক্ষীরা/বরিশাল।
৭. উপজেলা নির্বাহী অফিসার,মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/রাজৈর,মাদারীপুর/গোপালগঞ্জ সদর,গোপালগঞ্জ/সালথা,ফরিদপুর/মাদারগঞ্জ,জামালপুর/ইসলামপুর, জামালপুর/মোংলা,বাগেরহাট/আশাশুনি, সাতক্ষীরা/শ্যামনগর,সাতক্ষীরা/হিজলা,বরিশাল।
৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/রাজৈর,মাদারীপুর/গোপালগঞ্জ সদর,গোপালগঞ্জ/সালথা,ফরিদপুর/মাদারগঞ্জ,জামালপুর/ইসলামপুর, জামালপুর/মোংলা,বাগেরহাট/আশাশুনি, সাতক্ষীরা/শ্যামনগর,সাতক্ষীরা/হিজলা,বরিশাল।
৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ/রাজৈর,মাদারীপুর/গোপালগঞ্জ সদর,গোপালগঞ্জ/সালথা,ফরিদপুর/মাদারগঞ্জ,জামালপুর/ইসলামপুর, জামালপুর/মোংলা,বাগেরহাট/আশাশুনি, সাতক্ষীরা/শ্যামনগর,সাতক্ষীরা/হিজলা,বরিশাল।